

এসএসসি পরীক্ষার্থীদের নিয়ে ছিনিমিনি খেলবেন না

শিক্ষামন্ত্রী

■ বিয়ানীবাজার (সিলেট) প্রতিনিধি
১৫ লাখ এসএসসি পরীক্ষার্থীর জীবন
নিয়ে ছিনিমিনি খেলায় জন্য
বিএনপি চেয়ারপারসন খালেদা
জিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।
পরীক্ষা শুরু দু'দিন আগে অবরোধ
প্রত্যাহারের অনুরোধ জানিয়ে তিনি
বলেন, 'আম্মাহরওয়াস্তে অবরোধ
প্রত্যাহার করুন। কোমলমতি
শিক্ষার্থীদের জীবন ধ্বংস করবেন না।
অবরোধ প্রত্যাহার না করলে
আমাদের হাতে বিকল্প কোনো উপায়
নেই, আমরা এই অবস্থায় পরীক্ষা
গ্রহণ করব।'

ওয়েলফেয়ার ট্রাস্ট ইউকে আয়োজিত
শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান
পুরস্কার ও কৃতী শিক্ষার্থী সন্মান
প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নাহিদ এ
কথা বলেন। দেশের সব রাজনীতিবিদ
সমানভাবে দায়িত্বশীল নয়- মতব্য
করে তিনি বলেন, 'এ দেশের মানুষের
মতো রাজনীতিবিদদের দেশের
কল্যাণের প্রতি চিন্তা করতে হবে।
প্রবাসীদের দেশপ্রেমের উল্লেখযোগ্য
দিক তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন,
পরিস্থিতি স্বাভাবিক না হলে
প্রবাসীরা আমাদের দিক থেকে মুখ
ফিরিয়ে নেবেন।

ওয়েলফেয়ার ট্রাস্টের সভাপতি
মুহিবুর রহমান মুহিবের সভাপতিত্বে
এবং সাধারণ সম্পাদক দেলোয়ার
হোসেনের পরিচালনায় বিশেষ
অতিথি ছিলেন জাতীয় সংসদের
বিরোধীদলীয় ছইপ সৈয়দ উদ্দিন
এমপি, বিয়ানীবাজার উপজেলা
পরিষদ চেয়ারম্যান আতাউর
রহমান, সিলেট শিক্ষা বোর্ডের
চেয়ারম্যান গোলাম কিবরিয়া, ড.
নুরুল কবির প্রমুখ।